



পল্লী সঞ্চয় ব্যাংক  
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮, ৯,১০)  
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।  
[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

শেখ হাসিনাই রূপকার  
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

স্মারক নং- পসব্য/প্রকা/আইটি-০৬/২০২৩-২৪/ ০২ ৫৫৯

তারিখঃ ২৬/১১/২০২৩ খ্রি.

জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/শাখা ব্যবস্থাপক (সকল)  
পল্লী সঞ্চয় ব্যাংক।

**বিষয়ঃ নিরাপদ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার প্রসঙ্গে।**

সূত্র-০১: সার্কুলার নং ১৯/২০২২-৯১৪০ তারিখঃ ১৯/১২/২০২২ খ্রি.

সূত্র-০২: ব্যাংকের স্মারক নং পসব্য/প্রকা/আইটি-০৬/২০২১-২২/৬৯৩

সূত্র-০৩: সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)

সূত্র-০৪: ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৬ নং আইন)

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। ব্যাংকের প্রধান কার্যালয়ের সূত্রোক্ত স্মারকের ০২ নং পত্র মোতাবেক পল্লী সঞ্চয় ব্যাংকের অফিসিয়াল ফেসবুক পেজ ([www.facebook.com/pallisanchay](http://www.facebook.com/pallisanchay)) “পল্লী সঞ্চয় ব্যাংক” সম্পর্কে সকলকে অবহিত করা হয়েছিল। এই পেজটি ব্যতীত ব্যাংকের কোন অফিসিয়াল ফেসবুক পেজ নেই। কিন্তু সামাজিক যোগাযোগ মাধ্যমে পল্লী সঞ্চয় ব্যাংকের নামে বেশকিছু ফেক facebook page, accounts, messenger, chat group, whatsapp group, youtube channel পরিলক্ষিত হচ্ছে এবং এসকল ফেক পেজ থেকে বিভিন্ন মিথ্যা তথ্য প্রচার করা হচ্ছে; যা প্রতিষ্ঠানের তথা রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে।

৩। উল্লেখ্য সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ) এর ১০(ঙ) এবং (ছ) অনুচ্ছেদ দুটি নিম্নরূপ:

বিবরণ	সামাজিক যোগাযোগ মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ প্রকাশ করা যাবে না
পরিহারযোগ্য বিষয়াদি	১০ (ঙ): কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এমন তথ্য-উপাত্ত
	১০ (ছ): জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এমন কোনো বিষয়, লেখা, অডিও বা ভিডিও ইত্যাদি

এছাড়াও পল্লী সঞ্চয় ব্যাংকের চাকরি প্রবিধানমালা'র সপ্তম অধ্যায়ের ৩৭(৬) অনুচ্ছেদটি নিম্নরূপ:

“কোন কর্মচারী ব্যাংকের বিষয়াদি লইয়া সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত সরাসরি কোন যোগাযোগ স্থাপন করিবেন না”

৪। ব্যাংকের বিভিন্ন শাখা, জেলা এবং প্রধান কার্যালয়ের নামেও আলাদা আলাদা পেজ তৈরি করে বিভ্রান্ত সৃষ্টির অপপ্রয়াস লক্ষ্য করা যায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিষ্ঠান, পরিচালনা পর্ষদ বা প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বিষয়ে মিথ্যা মানহানিকর তথ্য ছড়ানোর ক্ষেত্রে সহযোগিতা করত: প্রমাণ পাওয়া গেলে ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ২৫ (১) (২) (৩) এবং ২৯ (১) (২) ধারা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আগামী ০৩/১২/২০২৩ তারিখের মধ্যে এসকল অননুমোদিত ও ভূয়া পেজ/গ্রুপ বন্ধ করার নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায় সরকারের সাইবার ক্রাইম এবং ডিজিটাল নিরাপত্তা আইনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। বিষয়টি জরুরী।

(শেখ মোঃ জামিনুর রহমান)  
ব্যবস্থাপনা পরিচালক

**অনুলিপিঃ**

- ১। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪। অফিস নথি।